৩৪৫

দৈনিক সংবাদ

তারিখ ... SEP 04 1989 ...
পৃষ্ঠা ২ ... কলাম ৪ ...

বিশ্বঃ শিক্ষক সমিতি ফেডারেশন

# সভাপতি আউয়াল খান, মহাসচিব জালালউদ্দিন

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে ২৮শে আগস্ট বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে মুক্তিযুদ্ধের পক্ষে শিক্ষকবৃন্দ ৭টি পদের সব কটিতে বিজয়ী হয়েছেন।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবদুল আউয়াল খান ফেডারেশনের নতুন সভাপতি নির্বাচিত হয়েছেন। মহাসচিব পদে রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মোঃ জালালউদ্দিন জয়লাভ করেছেন।

নির্বাচিত তিন সহ-সভাপতি হচ্ছেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মনজুর মোরশেদ মাহমুদ, সিলেট শাহজালাল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জয়নাল আবেদীন ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মেসবাহ উদ্দিন আহমেদ। কোষাধ্যক্ষ হচ্ছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মোহাম্মদ নূরুল আলম ও যুগ্ম মহাসচিব সিলেট শাহজালাল বিশ্ববিদ্যালয়ের ডঃ মোহাম্মদ ইলিয়াস উদ্দিন বিশ্বাস। সংবাদ বিজ্ঞপ্তি